পায়রা তাপ বিদ্যুৎ কেন্দ্রে ক্ষতিগ্রস্তদের মাঝে জীবনমান উন্নয়ন সামগ্রী বিতরণ

written by Chandradip News24 | November 10, 2024

কলাপাড়ায় পায়রা ১৩২০ মেগাওয়াট তাপ বিদ্যুৎ কেন্দ্র নির্মাণে ক্ষতিগ্রস্ত ২৫০ জন মানুষের মাঝে জীবনমান উন্নয়ন সামগ্রী বিতরণ করা হয়েছে। শনিবার সন্ধ্যায় ধানখালী ইউনিয়নের লোন্দা খেয়াঘাট সংলগ্ন এলাকায় এই কার্যক্রমের আয়োজন করা হয়। নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানির সহযোগিতায় এবং প্রগতিশীল তরুণ সমাজকল্যাণ সংগঠনের উদ্যোগে এই বিতরণ কার্যক্রম অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে ঢাকা মহানগর উত্তর ছাত্র অধিকার পরিষদের প্রচার ও প্রকাশনা সম্পাদক রবিউল আউয়াল অন্তর, স্থানীয় গণ্যমান্য ব্যক্তি আবদুল মামুনসহ আরও অনেকেই। এসময় ১৫ জন গ্রামীণ নারীকে ১৫টি সেলাই মেশিন, ৫০ জন মাদ্রাসা শিক্ষার্থীকে ৫০ জেল কোরআন শরীফ, ১৫০ জন সাধারণ শিক্ষার্থীকে শিক্ষাসামগ্রী এবং ৩৫ জন শিক্ষার্থীর মাঝে খেলার সামগ্রী বিতরণ করা হয়।

উল্লেখ্য, পায়রা তাপ বিদ্যুৎ কেন্দ্রে ক্ষতিগ্রস্তদের অধিকার আদায়ে স্থানীয় যুব সমাজ গত ৫ সেপ্টেম্বর মানববন্ধনসহ নানা

[illegible] [illegible] [illegible] [